গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ অধিশাখা
www.mopa.gov.bd

নম্বর : ০৫.০০.০০০০.২০২.২৫.০২৩.১৮-৩০৯

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৫ ব. / ১২ জুলাই ২০১৮ খ্রি.

বিজ্ঞপ্তি

জাপান সরকারের Japan Human Resource Development Scholarship (JDS) শীর্ষক প্রোগ্রামের আওতায় জেডিএস ফেলো (যারা জেডিএস স্কলারশিপের আওতায় মাস্টার্স কোর্স সম্পন্ন করেছেন) বিসিএস ক্যাডারের কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের ১ম শ্রেণির কর্মকর্তাদের মধ্য হতে পিএইচডি কোর্সে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। এতদসংক্রান্ত বিস্তারিত শর্ত ও তথ্যাবলী এসাথে সংযুক্ত করা হলো। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণকে নির্ধারিত ফরমে আগামী ১৫/০৭/২০১৮ হতে ১৮/১০/২০১৮ তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে:

Japan International Cooperation Center (JICE)
JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon
107, Kazi Nazrul Islam Avenue
Dhaka-1215, Bangladesh.

শর্তাবলী:

১. আগ্রহী যোগ্য কর্মকর্তাবৃন্দের আবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব JICE JDS Project Office বরাবর অগ্রায়ন করবেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রধান এবং মাঠপর্যায়ের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকবৃন্দ মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;

২. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পুরণের নির্দেশিকা ইত্যাদির জন্য আগ্রহী প্রার্থীগণকে jds.bangladesh1@jice.org ঠিকানায় ই-মেইল করে অথবা 02-5502-8008, 02-9128008 (ext. 4261/4973) নাম্বারে ফোন করে প্রয়োজনীয় ডকুমেন্টস সংগ্রহ করতে হবে;

৩. উল্লিখিত কোর্সে আবেদনের এবং কর্মকর্তাগণের আবেদন অগ্রায়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/০৮/১৯৯২ তারিখের সম(বিঃপ্রঃ)৮০/৯২-৫১৮(৫০০) নম্বর স্মারকে জারিকৃত বেসামরিক কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি অনুসরণসহ সংশ্লিষ্ট সর্বশেষ সরকারি বিধিবিধানের প্রতিপালন নিশ্চি করতে হবে;

৪. আবেদনকারীকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

৫. বৃত্তি প্রাপ্তির বিষয়ে বৃত্তি প্রদানকারী সংস্থার প্রযোজ্য শর্তাবলী এবং প্রচলিত সরকারি বিধি-বিধানের আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

সংযুক্ত : বর্ণনামতে।

১২/৭/২০১৮
ড. আবদুল হামিদ
যুগ্মসচিব
ফোন : ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব,..(মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় (সকল)।
৫. রেক্টর,বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, পুরাতন এয়ারপোর্ট রোড, ঢাকা।
৭. চেয়ারম্যান/মহাপরিচালক...।
৮. নিয়ন্ত্রক, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (জেলা প্রশাসকগণকে বিষয়টি জরুরিভিত্তিতে অবহিতকরণের অনুরোধসহ)।
১০. পরিবহন কমিশনার, সরকারী যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
১১. জেলা প্রশাসক (সকল)।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৪. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৫. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
১৬. Country Director, JICE JDS Project Office in Bangladesh, The Pan Pacific Sonargaon, L-261, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215.
১৭. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/প্রশাসন)/যুগ্মসচিব (প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

JDS Doctoral programme এর জন্য শর্তাবলী

(JICE কর্তৃক প্রদত্ত)

- Applications for the project for Human Resource Development Scholarship (JDS) **under 2nd Batch Doctoral program** will be received from **15 July 2018 to 18 October 2018** within office hour 9:00 am to 12.30 pm and 1:30 pm to 5:00 pm, Sunday to Thursday at the following address:
    - Japan International Cooperation Center (JICE), JDS project office in Bangladesh, L-261,The Pan Pacific Sonargaon,107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Bangladesh.

- **JDS Returned Fellows** (completed a Master's course under JDS Scholarship) from **BCS Cadre Officials and 1st Class Officers of Bangladesh Bank** having the following qualifications are eligible to apply.
    - Have worked at least 2 years in Bangladesh, until 1 April, 2019 at his/her workplace after obtaining a Master's degree with/or returning JDS program for Master
    - Below 45 years of age as on 1st April 2019
    - Have a good command of both written and spoken English
    - Have not obtained any Doctor's degree overseas under other foreign government scholarship programs or, obtained Doctor's degree under deputation or study leave
    - Are able to receive a recommendation from the supervisor of his/her current duty office and from the expected academic adviser(s) of the applying Japanese university

- Those eligible JDS Returned Fellow who are interested in applying JDS Doctoral program may contact at the below e-mail address or phone number for detailed application guidelines and application form
    - **E-Mail:** jds.bangladesh1@jice.org
    - **Phone** : 02-5502-8008,02-9128008 (ext.4261/4973)